

প্রেস রিলিজ

তারিখ : ৩০ এপ্রিল, ২০২৪

বাউবিতে “স্মার্ট শিক্ষায় স্মার্ট বাংলাদেশ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিম, স্কুল অব বিজনেস এর ওপেন বিজনেস টক এবং আইকিউএসির সহযোগিতায় ৩০ এপ্রিল ২০২৪, বুধবার গাজীপুর ক্যাম্পাসে “স্মার্ট শিক্ষায় স্মার্ট বাংলাদেশ” শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন, পোশাকে স্মার্ট না হয়ে জ্ঞানের ক্ষেত্রে স্মার্ট হওয়া দরকার। জ্ঞানের ক্ষেত্রে কে কতটুকু সমৃদ্ধ সেটাই প্রকৃত স্মার্টনেস। পরবর্তী প্রজন্মকে জ্ঞানের উৎকর্ষতা বাড়ানো, কমিউনিকেশন স্কীল ও শব্দভান্ডার বাড়ানোর পরামর্শ দেন এবং ডিজিটাইজেশনের উপর গুরুত্ব আরোপ করেন উপাচার্য। তিনি আরো বলেন স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের স্মার্ট নাগরিক তৈরি করতে হবে। স্মার্ট নাগরিক তৈরি করতে হলে স্মার্ট শিক্ষার কোনো বিকল্প নেই। প্রথাগত শিক্ষা থেকে বেরিয়ে এসে হাতে কলমে শিক্ষার ওপর বেশি গুরুত্ব দিয়ে শিক্ষার্থীদের টেকসই শিক্ষায় শিক্ষিত করতে হবে। স্মার্ট ব্লান্ডেড শিক্ষা পদ্ধতির প্রচলন বাংলাদেশকে বিশ্বের কাছে ভিন্ন মাত্রায় পরিচিত করবে।



সেমিনার প্রবন্ধ উপস্থাপন করেন ই-লার্নিং বিশেষজ্ঞ, শিক্ষাবিদ, লেখক, বক্তা ও পরামর্শক অধ্যাপক ড. বদরুল হুদা খান। তিনি ই-লার্নিং এর ওপর গুরুত্ব দিয়ে স্মার্ট বাংলাদেশ গঠনে টেকসই স্মার্ট শিক্ষা নিয়ে আলোকপাত করেন। শিক্ষায় নতুন দিগন্ত উন্মোচনে, স্মার্ট শিক্ষার ফ্রেম ওয়ার্ক, স্মার্ট শিক্ষার ভিত্তি ও বৈশিষ্ট্য, শিক্ষার্থীদের চাহিদা, লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, শিক্ষার্থী কেন্দ্রিক শিক্ষা ব্যবস্থা, জীবনব্যাপী কর্মমুখী গণশিক্ষা ও নতুন সম্ভাবনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তিনি দেশের উন্নয়নে স্মার্ট সিটিজেন ও স্মার্ট শিক্ষা গড়ে তোলার আহবান জানান।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু। ধন্যবাদ জ্ঞাপন করেন বাউবির রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। সেমিনারে বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। সেমিনার সঞ্চালনা করেন লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত) এমএস. সঙ্গীতা মোরশেদ ও র‍্যাপোর্টিয়ার হিসেবে ছিলেন স্কুল অব বিজনেস এর শিক্ষক জনাব সিবাত মাসুদ।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)